গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
কর নীতি উইং
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
www.nbr.gov.bd

নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৭.২০১৫/৩৩৮(৫৩)

তারিখঃ ৯ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ
২৩ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

**বিষয়: উৎসে কর্তিত/আদায়কৃত করের ক্রেডিট প্রদান সংক্রান্ত।**

কোন করদাতার নিকট হতে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর অধ্যায় VII এর অধীনে উৎসে আয়কর কর্তন বা আদায় করা হলে ধারা 62 অনুযায়ী তা ক্রেডিট প্রদানের বিধান রয়েছে। ধারা 82C এর উপধারা (2)-এ উল্লিখিত ক্ষেত্রে উৎসে কোন কর আদায়/কর্তন করা হয়ে থাকলে সে ক্ষেত্রে ন্যূনতম করের বিধান প্রযোজ্য।

আয়কর কর্তন/আদায় প্রযোজ্য নয় এমন আয়ের উৎস হতে ভুলবশত উৎস কর কর্তন/আদায় করা হয়ে থাকলে সেক্ষেত্রেও ধারা 82C এর উপধারা (2) অনুযায়ী ন্যূনতম করের বিধান প্রযোজ্য হবে কি-না এবং উৎসে কর্তিত/আদায়কৃত করের ক্রেডিট প্রদান প্রক্রিয়া কী হবে সে বিষয়ে মাঠ পর্যায়ে জিজ্ঞাসা রয়েছে বলে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপে স্পষ্টীকরণ করছে:

ধারা 82C এর উপধারা (2) অনুযায়ী ন্যূনতম করের আওতাভুক্ত কোন ধারার অধীন খাতে উৎস করের প্রযোজ্যতা না থাকা সত্ত্বেও যদি ভুলবশত উৎস কর কর্তন/আদায় করা হয়ে থাকে তাহলে ঐরূপ কর্তিত/আদায়কৃত করের ক্ষেত্রে 82C এর উপধারা (2) এর ন্যূনতম করের বিধান প্রযোজ্য হবে না। এক্ষেত্রে উৎসে কর্তিত/আদায়কৃত কর ঐ করদাতার সংশ্লিষ্ট কর বছরের অগ্রিম পরিশোধিত আয়কর হিসেবে গণ্য হবে এবং করদাতা যথারীতি তার ক্রেডিট পাবেন।

উদাহরণস্বরূপ ধরা যাক, জনাব জসীমুদ্দিন আহমেদ ১০ লক্ষ টাকা মূল্যমানের Wage earners development bond এর বিপরীতে ৮ জুলাই ২০১৫ তারিখে ৩ লক্ষ টাকা সুদ প্রাপ্ত হয়েছেন। আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা 52D এর প্রোভাইসো অনুযায়ী উক্ত সুদ পরিশোধকালে উৎস কর কর্তন প্রযোজ্য নয়। কিন্তু উক্ত সুদ পরিশোধে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক ভুলবশত 52D ধারায় ৫% হারে ১৫ হাজার টাকা উৎসে কর কর্তন করা হয়েছে। যেহেতু আলোচ্য ক্ষেত্রে উৎস কর কর্তন আইনের উদ্দেশ্য নয়, তাই কর্তিত করের ক্ষেত্রে ধারা 82C এর উপধারা (2) এর ন্যূনতম করের বিধান প্রযোজ্য হবে না। এক্ষেত্রে উৎসে পরিশোধিত ১৫ হাজার টাকা কর ২০১৬-১৭ কর বছরে জনাব জসীমুদ্দিন আহমেদের অগ্রিম কর হিসেবে বিবেচিত হবে এবং তিনি ২০১৬-১৭ কর বছরে এ করের ক্রেডিট পাবেন।

২৩/০৩/২০১৭

রিগ্যান চন্দ্র দে
দ্বিতীয় সচিব (কর আইন-১)
ফোন: ৮৩৯১৬১৪
ই-মেইল:taxpolicynbr@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (কর তথ্য ব্যবস্থাপনা ও সেবা)/(কর আপীল ও অব্যাহতি)/(কর নীতি)/(লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট)/(অডিট ইন্টেলিজেন্স ও ইনভেস্টিগেশন)/(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)/(কর জরীপ ও পরিদর্শন)/(ইন্টারন্যাশনাল ট্যাকসেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।